247

OCT. 0 1 1999

দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 02 1999 ...
পৃঃ ৩ ... কলাম ৪ ......

### শিবির ভিসিকে ৪ ঘন্টা ঘেরাও করে রাখে

# ছাত্র লীগের হুমকি সত্ত্বেও চবিতে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ মুজিববাদী ছাত্র লীগের হুমকি সত্ত্বেও আন্তঃক্যাম্পাস বাসসমূহ সম্পূর্ণরূপে চালুর দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্যের ডাকে গতকাল (বৃহস্পতিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বতঃস্ফূর্তভাবে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। একই দাবীতে ইসলামী ছাত্রশিবির গতকাল ভাইস চ্যান্সেলরকে তার দফতরে ৪ ঘন্টা ঘেরাও করে রাখে। গতকাল ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। বিভিন্ন ডিপার্টমেন্টের পরীক্ষা পিছিয়ে দেয়া হয়। ছাত্র লীগের একাংশ ধর্মঘট ভেঙে দেয়ার হুমকি দিলেও গতকাল তাদের তেমন তৎপরতা চোখে পড়েনি। ক্যাম্পাস দখলে ছিল শিবির, ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্যের। সকাল ১০টায় ছাত্রশিবিরের একটি বিরাট মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে ভিসি কার্যালয় ঘেরাও করে। এ সময় শিবির সভাপতি মুজিবুর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আবদুল হান্নান, শেখ নাছির, হামিদুল্লা কুতুবী, মিয়া মোঃ তৌফিক, খুরশিদ আলম, আলাউদ্দিন শিকদার, জসিম উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। বিকাল ২টার দিকে প্রশাসনের আশ্বাসের প্রেক্ষিতে ঘেরাও প্রত্যাহার করা হয়।

এদিকে, ধর্মঘট চলাকালে ক্যাম্পাসে গণতান্ত্রিক ছাত্রঐক্যের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে আহসান কবির বেঙ্গল, নূরুসসাফা জুলহাছ, আমীর আব্বাস, রাহাত উল্লাহ জাহিদ, আবু সাঈদ সোহেল, শামসুল আরেফীন, আল কাদেরী পলাশ প্রমুখ বক্তব্য রাখেন। ধর্মঘট চলাকালে জাতীয়তাবাদী ছাত্রদল নেতা মোঃ সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত দলের সমাবেশে জাফরুল আলম, সুজাউদ্দিন, শফিকুজ্জামান শহীদ, আহমেদ ইমতিয়াজ, সাইফুর রহমান শপথ, সোহরাব হোসেন সোহেল প্রমুখ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ বলেন, ধর্মঘট করে ছাত্রসমাজ কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে রায় দিয়েছে। এদিকে, স্টুডেন্টস সলিডারিটি সভাপতি মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় বক্তাগণ ছাত্র সংগঠনগুলোর আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করে ৭ দিনের কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল বিকাল ৫টা পর্যন্ত ক্যাম্পাস পরিস্থিতি স্বাভাবিক ছিল।